



নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৯-৪৮৮

তারিখ: ০৭ পৌষ ১৪২৫  
২২ ডিসেম্বর ২০১৯

## পরিপত্র-২

বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা, প্রস্তাবকারী-সমর্থনকারীর যোগ্যতা, জামানত, ব্যাংক হিসাব খোলা, মনোনয়নপত্র বাছাই, আপিল, প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা, প্রস্তাবক-সমর্থকের যোগ্যতা, মনোনয়নপত্র দাখিল, জামানত, ব্যাংক হিসাব খোলা, মনোনয়নপত্র বাছাই, আপিল, বৈধভাবে মনোনীত প্রার্থীর তালিকা প্রকাশ, প্রার্থিতা প্রত্যাহার ও নির্বাচনের অন্যান্য কার্যক্রম সম্পর্কে বিধানাবলী ও নির্দেশনা নিম্নে উল্লেখ করা হলো:

০২। মেয়র এবং কাউন্সিলর নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা: মেয়র এবং কাউন্সিলর নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্যতা-অযোগ্যতা সম্পর্কিত বিষয়ে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯ এ বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে। মনোনয়নপত্র বাছাইকালে আইনের উল্লিখিত বিধান পুংখানুপুঞ্জ পরিপালন করে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করতে হবে।

০৩। প্রস্তাবকারী-সমর্থনকারী যোগ্যতা: (১) মেয়র নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের অন্য কোন ভোটার, আইনের ধারা ৯(১) এর অধীন মেয়র নির্বাচিত হওয়ার যোগ্যতা সম্পন্ন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরূপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

(২) আইনের ধারা ৯(১) এর অধীন কাউন্সিলররূপে নির্বাচিত হওয়ার যোগ্যতা থাকলে-

(ক) আইনের ধারা ৫(১) এর দফা (গ) তে উল্লিখিত সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য ধারা ৩০ এর অধীন বিভক্তিকৃত কোন সমন্বিত ওয়ার্ডের ভোটার উক্ত সমন্বিত ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে যে কোন মহিলার নাম প্রস্তাব করতে বা অনুরূপ প্রস্তাব সমর্থন করতে পারবেন;

(খ) আইনের ধারা ৫(১) এর দফা (খ) তে উল্লিখিত নির্ধারিত সংখ্যক কাউন্সিলর পদের জন্য ধারা ২৭ এর অধীন বিভক্তিকৃত কোন ওয়ার্ডের যে কোন ভোটার উক্ত ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরূপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

০৪। মনোনয়নপত্র: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১২ বিধি অনুসারে –

(১) আইনের ধারা ৯ এর বিধান সাপেক্ষে, মনোনয়নপত্র–

(ক) মেয়র নির্বাচনের জন্য ফরম 'ক', সংরক্ষিত আসনের কাউন্সিলর নির্বাচনের জন্য ফরম 'ক-১' এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের জন্য ফরম 'ক-২' এ দাখিল করতে হবে;

(খ) প্রস্তাবকারী এবং সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে; এবং

জারীকৃত  
২২/১২/১৯  
Secretary  
২২/১২/১৯

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

